যায়যায়দিন

14 NOV 2012

তারিখ ………………
পৃষ্ঠা … ৫ … কলাম … ১ …

# ঢাবিতে ভর্তি জটিলতা : ১০টি বিভাগের ভর্তিতে শর্তারোপের সিদ্ধান্ত স্থগিত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ে সম্মান প্রথমবর্ষ ভর্তিতে মাদরাসা শিক্ষার্থীদের জন্য ১০টি বিভাগে বাংলা এবং ইংরেজি বিষয়ে ২০০ নম্বরের শর্তারোপের সিদ্ধান্ত তিন মাসের জন্য স্থগিত করেছেন হাইকোর্ট। একই সঙ্গে ওই শর্তারোপের সিদ্ধান্ত কেন অবৈধ ঘোষণা করা হবে না তা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে জানতে চেয়ে রুল জারি করেছেন আদালত।

মঙ্গলবার বিচারপতি নাঈমা হায়দার ও বিচারপতি মোহাম্মদ খুরশিদ আলম সরকারের সমন্বয়ে গঠিত হাইকোর্টের একটি বেঞ্চ এ আদেশ দেন। বিশ্ববিদ্যালয়ের ২০১২-১৩ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী মো. কামাল উদ্দিন, মো. রেজাউল করিম, মো. ওমর ফারুক এবং মো. শরীফুল ইসলামের এক রিট আবেদনের প্রেক্ষিতে আদালত এ রায় দেন।

আদেশে ঢাকা বিশ্ববিদ্যালয়, বিশ্ববিদ্যালয়ের ভিসি, রেজিস্ট্রার এবং একাডেমিক কাউন্সিলের চেয়ারম্যানকে জবাব দিতে বলা হয়েছে। রায়ে ২০০৯ সালের ৬ সেপ্টেম্বর অনুষ্ঠিত সিন্ডিকেটের সভায় বিশ্ববিদ্যালয়ে ভর্তির ক্ষেত্রে মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বাংলা এবং ইংরেজি বিষয়ে ২০০ নম্বরের শর্তারোপের সিদ্ধান্ত এবং ২০১২-২০১৩ সেশনের জন্য প্রণীত ভর্তি নির্দেশিকা তিন মাসের জন্য স্থগিত করা হয়। আদেশ পালনে সংশ্লিষ্টরা ব্যর্থ হলে আদালত অবমাননা হবে বলেও রায়ে জানানো হয়। রিটকারী শিক্ষার্থীদের পক্ষে আদালতে শুনানি করেন ব্যারিস্টার ইমরান এ সিদ্দিকী ও অ্যাডভোকেট মোহাম্মদ শিশির মনির। মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিসে আদালতের আদেশ সংবলিত উকিল নোটিশ পৌঁছানো হয়েছে। নোটিশটি পেয়েছেন বলে নিশ্চিত করেছেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার সৈয়দ রেজাউর রহমান।

বিশ্ববিদ্যালয়ের ২০১২-১৩ সেশনের ভর্তি নির্দেশিকায় ১০টি বিভাগে ভর্তির ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় বাংলা এবং ইংরেজি বিষয়ে ২০০ নম্বরের শর্তারোপ করা হয়েছে। বিভাগগুলো হলো- বাংলা, ইংরেজি, ভাষা বিজ্ঞান, আন্তর্জাতিক সম্পর্ক, সমাজ বিজ্ঞান, উইমেন অ্যান্ড জেন্ডার স্টাডিজ, গণযোগাযোগ ও সাংবাদিকতা, পপুলেশন সায়েন্সেস, আইন বিভাগ এবং ডিজাস্টার ম্যানেজমেন্ট অ্যান্ড ভালনারাবিলিটি স্টাডিজ ইনস্টিটিউট।